

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ভোকেশনাল-০১)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৪০.২৭.৬৫৫.২৪-২৬২

তারিখঃ ০২/০৪/২০২৬ খ্রিঃ

কারণ দর্শানো নোটিশ

আপনি জনাব মোঃ মাহবুবুর রহমান, অধ্যক্ষ, আমতলী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, বরগুনাতে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ পাওয়া যায়।


যেহেতু, আপনি পবিত্র ঈদুল ফিতরের ছুটি (১৭/০৩/২০২৬ খ্রিঃ হতে ২৩/০৩/২০২৬ খ্রিঃ) শেষে ২৪/০৩/২০২৬ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

যেহেতু, আপনার অনুপস্থিতজনিত কারণে প্রশাসনিক কার্যকলাপে বিঘ্ন ঘটছে;

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ প্রতিষ্ঠান প্রধান হিসেবে দায়িত্ব ও কর্তব্যে অবহেলার শামিল এবং প্রাতিষ্ঠানিক শৃঙ্খলার পরিপন্থি;

যেহেতু, আপনার এ ধরনের কর্মকাণ্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) অনুযায়ী “অসদাচরণ” জনিত শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আপনার বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



(প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান)
পরিচালক (পিআইইউ)

প্রাপক,

জনাব মোঃ মাহবুবুর রহমান
অধ্যক্ষ,
আমতলী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, বরগুনা।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। পরিচালক (ভোকেশনাল/পিআইডব্লিউ/পরিচালনা ও উন্নয়ন/প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।